# Evacuation of Indians and Afghans under ‘Operation Devi Shakti’ and shipment of humanitarian assistance for the people of Afghanistan

December 11, 2021

---

## 'অপারেশন দেবী শক্তি'-র অধীনে ভারতীয় ও আফগানদের অপসরণ এবং আফগানিস্তানের জনগণের জন্য মানবিক্ সহায়তা প্রেরণ

ডিসেম্বর 11, 2021

ভারত সরকার প্রেরিত একটি বিশেষ চার্টাড বিমান ডিসেম্বর 10 তারিখে কাবুল থেকে নিউ দিল্লির ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমান বন্দরে অবতরণ করেছে।এই উড়ান, আফগান সংখ্যালঘু গোষ্ঠীর সদস্য সহ 10 জন ভারতীয় এবং 94 জন আফগানকে নিয়ে এসেছে। সংখ্যালঘু সম্প্রদায়ের সদস্যরা তাদের সাথে গুরু গ্রন্থ সাহিবের 2 টি স্বরূপ এবং কিছু প্রাচীন হিন্দু পুঁথি নিয়ে এসেছেন।

2. "অপারেশন দেবী শক্তি" র অধীনে আফগানিস্তান থেকে মোট 669 জনকে এখনো অবধি সরিয়ে আনা হয়েছে। এর মধ্য 448 জন ভারতীয় এবং 206 জন আফগান রয়েছেন, যার মধ্যে আফগান হিন্দু/শিখ সংখ্যালঘু মানুষরা রয়েছেন। এর আগে 2021-এর অগাষ্ট মাসে 438 জন ভারতীয় সহ মোট 565 জন মানুষকে সরিয়ে আনা হয়েছিল।

3. আফগানিস্তানের চ্যালেঞ্জিং মানবিক পরিস্থির পরিপ্রেক্ষিতে ভারত সরকার আজ ফিরতি উড়ানে চিকিৎসা সামগ্রী সহ মানবিক সহায়তা প্রেরণ করেছে। এই ওষুধগুলি কাবুলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (হূ)-র প্রতিনিধিদের হাতে হস্তান্তরিত করা হবে এবং কাবুলের ইন্দিরা গান্ধী শিশু হাসপাতালে প্রয়োগ করা হবে।

নিউ দিল্লি

ডিসেম্বর 11, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA’s website and may be referred to as the official press release.